

Published by Authority

EXTRAORDINARY ISSUE

Agartala, Tuesday, July 4, 2023 A.D., Asadha 13, 1945 S.E.

PART--II-- Advertisements, Notices

ত্রিপুরা সরকার জেলাশাসক ও সমাহর্তা অফিস পশ্চিম ত্রিপুরা : দেবার্চন শাখা

আগরতলা

জুলাই,২০২৩ইং শ্রাবন,১৪৩০ বাং

মেমো

আগামী ২৫ই আষাঢ়, ১৪৩০ বাং (১০ই জুলাই ২০২৩ ইং) রোজ সোমবার রাত্রি ১০ ঘটিকায় কের আরম্ভ ইইয়া ২৭ই আষাঢ়, ১৪৩০ বাং (১২ই জুলাই ২০২৩ ইং) বুধবার সকাল ৫ ঘটিকায় কের সমাপ্ত ইইবে। কেরের সীমানা নিম্মলিখিত রূপ নির্দ্ধারিত হইল।

-- : কেরের সীমানা নূতন হাবেলী :--

উওরে : রাজ অন্তপুরের উত্তর সীমানা।

২ পূর্বে : রাজবাড়ীর খাসমহলের পূর্ব সীমানা হইতে বরাবর দক্ষিণ দিকে পুরাতন বিধানসভা

ভবনের পশ্চিম সীমানা বরাবর রেলিং হইয়া মেইন গেটের পশ্চিম সীমানা পর্যস্ত।

৩. দক্ষিনে : দুর্গাবাড়ীর দীঘির দক্ষিণ পাড়ের রেলিং ও দূর্গাবাড়ীর পূর্ব সীমানার দেওয়াল এবং

দক্ষিণ সীমানার দেওয়াল।

৪. পশ্চিমে : দূর্গাবাড়ীর পশ্চিম সীমানার দেওয়াল তৎপর উক্ত দেওয়ালের উত্তর কোণ বরাবর

পশ্চিম দিকে শুকুন্তলা রোডের পূর্ব সীমানার বরাবর উত্তর দিকে রাজবাড়ীর পুরাতন

দেওয়াল সংযোগস্থল।

-- : কেরের সীমানা পুরাতন হাবেলী :--

উত্তরে : চতুর্দ্দশ দেবতা বাড়ীর সীমানার রাস্তা ।

২. পূর্বে : উক্ত দেবতার বাড়ীর রাস্তা। ৩. দক্ষিণে : উক্ত দেবতার বাড়ীর সীমানা।

পশ্চিমে : উক্ত দেবতার বাড়ীর পুক্করিণীর পশ্চিম পার ।

৫. চতুর্দ্দশ দেবতার বাড়ী হইতে যে রাস্তা বরাবর পশ্চিম দিকে হাওড়া নদীর দেবতার সানের ঘাট পর্যন্ত ।

Tripura Gazette, Extraordinary Issue, July 4, 2023 A. D.

বর্তমান সনের কের সম্বন্ধে নিম্নলিখিত সময় নির্দ্ধারণ করা গেল :-

আগামী ২৫ই আষাঢ়, ১৪৩০ বাং (১০ই জুলাই ২০২৩ ইং) রোজ সোমবার রাত্রি ১০ ঘটিকায় কের আরম্ভ হইবে এবং তখনই তোপধুনি হইবে। ২৬ ই আষাঢ়, ১৪৩০ বাং (১১ই জুলাই ২০২৩ ইং) রোজ মঙ্গলবার ভোর ৫ ঘটিকায় কেরের বিশ্রাম হইবে এবং তোপধুনি হইবে। তৎপর পূর্বাহ্ন ১০ ঘটিকায় কের আরম্ভ হইবে এবং সন্ধ্যা ৬ঘটিকায় কেরের বিশ্রাম হইবে।

এই সময় তোপধুনি নাগরী পূজার পর হইবে এবং রাত্রি ১০ ঘটিকায় পুনরায় কের আরম্ভ হইবে তখনই তোপধুনি হইবে।

২৭ই আষাঢ়, ১৪৩০ বাং (১২ই জুলাই ২০২৩ ইং) বুধবার সকাল ৫ ঘটিকায় কের ছাড়িবে এবং তখনই তোপধুনি হইবে ।

-: প্রতিপাল্য নিয়ম :-

- ১) কেরের সময় কেরের সীমানার মধ্যে কোন লোকের জন্য বা মৃত্যু হইলে কের ভঙ্গ হইবে। অতএব পূর্ব হইতে এতং সম্বন্ধে অনুসন্ধ্যানক্রমে কোন আসন্ন প্রসাব কিংবা মুমূর্য রগী থাকিলে তাহদিগকে কের আরন্তের পূর্বেই স্থানান্তরিত করিতে হইবে।
- ২) কেরের সময় কেরের সীমানার মধ্যে কোন প্রকার নৃত্য,গীত,বাদ্য ও আমোদ প্রমোদ হইতে পারিবেনা এবং গো,মহিষ,ছাগল ইত্যাদি প্রকাশ্য স্থানে যাতায়ত করিতে পারিবে না।
- ৩) কেরেঃ সময় কেরের সীমানার ভিতরের লোক বাহিরে যাইতে কিংবা বাহিরের লোক ভিতরে আসিতে পারিবে না ।
- 8) নির্দিষ্ট সংখ্যক পুলিশ কর্মচারী এবং পশ্চিম ত্রিপুরা দেবার্চনের ভারপ্রাপ্ত কর্মীগন এবং যে কোন ব্যক্তিকে মাননীয় জেলাশাসক বিশেষ ভাবে অনুমতি দেন, তাহারা ভিন্ন অন্য কোন লোক কেরের সময় উক্ত সীমানার মধ্যবতী স্থানে যাতায়াত করিতে পারিবে না।
- ৫। অএ মেমোতে কের আরম্ভের অর্ধ ঘন্টা পূর্বে খবরদারি তোপধবনি করা হইবে। অবগতির বাসনায় প্রতিলিপি প্রেরিত হইল।

অনিরুদ্ধ রায় ভারপ্রাপ্ত কার্যকারক, দেবার্চন শাখা,পশ্চিম গ্রিপুরা ্দেবপ্রিয় বর্থন,আই.এ.এস) জেলাশাসক ও সমাহর্তা পশ্চিম ত্রিপুরা